

১৪। যেকোনো দেশের অর্থনীতিতে কিসের ভিত্তিতে নানাবিধ দ্রব্য সামগ্রী ও সেবা উৎপাদন করা হয়?

- (ক) দেশের সম্পদের পরিমাণে
(খ) মোট শ্রম ও মূলধনের
(গ) জনগণের প্রয়োজনে
(ঘ) দেশের মোট আয়ের

১৫। $Y =$ মাথাপিছু আয়; $Z =$ মোট জাতীয় আয় এবং $P =$ মোট জনসংখ্যা হলে নিচের কোনটি সঠিক?

- (ক) $Y = \frac{P}{Z}$ (খ) $Y = \frac{Z}{P}$
(গ) $Z = \frac{Y}{P}$ (ঘ) $P = \frac{Z}{Y}$

□ নিচের অনুচ্ছেদটি পড়ে ১৬ ও ১৭নং প্রশ্নের উত্তর দাও :

সামির 'P' নামক একটি দেশে শিক্ষা বৃত্তি নিয়ে গবেষণা করতে যায়। সে দেশের লোকসংখ্যা ২০ কোটি ও মাথাপিছু আয় ১২০০ মার্কিন ডলার। উক্ত দেশের শিল্প কারখানা চলে বৈদেশিক সাহায্যে।

১৬। 'P' নামক দেশের মানুষের জীবনযাত্রার মান কীরূপ হবে?

- (ক) উন্নত (খ) নিয়ন্ত্রিত
(গ) নিম্নমান (ঘ) বৃদ্ধি পাবে

১৭। 'P' নামক দেশকে উন্নত পর্যায়ে নিতে প্রয়োজন-

- i. ব্যাপক শিল্পায়ন
ii. অবকাঠামোগত উন্নয়ন
iii. কৃষি নির্ভরতা বৃদ্ধি করা
নিচের কোনটি সঠিক?

- (ক) i ও ii (খ) ii ও iii
(গ) i ও iii (ঘ) i, ii ও iii

১৮। টেকসই উন্নয়নের লক্ষ্য বা অভীষ্ট কয়টি?

- (ক) ৮টি (খ) ১৭টি
(গ) ১৯টি (ঘ) ২১টি

১৯। এসডিজি অর্জনে সমাজের কোন শ্রেণির মানুষের কথা চিন্তা করা হচ্ছে?

- (ক) নিম্নশ্রেণি (খ) মধ্য শ্রেণি
(গ) উচ্চ শ্রেণি (ঘ) সকল শ্রেণি পেশার

২০। সামাজিক পরিবর্তনের গতি কীরূপ?

- (ক) ধীর (খ) দ্রুত
(গ) ধীর ও দ্রুত (ঘ) মধ্যম

২১। অর্থনীতির উন্নয়নের জন্য কোনটির উন্নয়ন বেশি জরুরী?

- (ক) নগরায়ণ (খ) সংস্কৃতি
(গ) প্রকৃতির (ঘ) যোগাযোগ

২২। আত্মনিয়োজিত পেশা কোনটি?

- (ক) প্রশাসনে চাকরি
(খ) পোশাক শিল্পে চাকরি
(গ) ঔষুধ কোম্পানিতে চাকরি
(ঘ) হাঁস-মুরগি লালন-পালন

২৩। বাংলাদেশের যৌথ পরিবার ব্যবস্থা ভেঙে যাওয়ার কারণ-

- i. দারিদ্র্য ও জনসংখ্যা বৃদ্ধি
ii. নিরক্ষরতা ও অজ্ঞতা
iii. শিল্পায়ন ও নগরায়ন
নিচের কোনটি সঠিক?

- (ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২৪। সামাজিক সম্পর্কের পরিধিকে বিস্তৃত করেছে কোনটি?

- (ক) মোটর গাড়ি (খ) শিক্ষা
(গ) টেলিভিশন (ঘ) বেতার

২৫। সংবিধানের রাষ্ট্র পরিচালনার মূলনীতিতে অংশে বাধ্যতামূলক করা হয়েছে-

- (ক) মাধ্যমিক শিক্ষা (খ) উচ্চ মাধ্যমিক শিক্ষা
(গ) প্রাথমিক শিক্ষা (ঘ) নৈতিক শিক্ষা

২৬। HIV ভাইরাসের সুপ্তিকাল কয় মাস?

- (ক) ৩-৪ (খ) ৪-৫
(গ) ৬-৭ (ঘ) ৮-৯

২৭। কোনটির প্রভাবে জলরাশি সর্বদা বাইরে নিষ্ক্ষিপ্ত হয়?

- (ক) মহাকর্ষণ শক্তি (খ) আনবিক শক্তি
(গ) কেন্দ্রাভীর্ণ শক্তি (ঘ) অভিকর্ষজ শক্তি

২৮। ১০ বছর বয়সী জসিমকে দিয়ে ঝালাইয়ের কাজ করাচ্ছেন শিহাব উদ্দিন। তিনি কোনটির পরিপন্থী কাজ করছেন?

- (ক) বাংলাদেশের শ্রম আইন, ২০০৬
(খ) জাতিসংঘের শিশু অধিকার সনদ, ১৯৮৯
(গ) বাংলাদেশের শিশু আইন, ১৯৭৪
(ঘ) জাতীয় শিশুনীতি, ২০১১

২৯। কখন সমুদ্রের পানি বানের সৃষ্টি করে?

- (ক) ভরা কটালের সময়
(খ) মধ্য কটালের সময়
(গ) মুখ্য জোয়ারের সময়
(ঘ) গৌণ জোয়ারের সময়

৩০। সামাজিক চাপ প্রয়োগকারী প্রতিষ্ঠান কোনটি?

- (ক) জেলা পরিষদ (খ) উপজেলা পরিষদ
(গ) গ্রাম আদালত (ঘ) উচ্চ আদালত